গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শাখা-০৭
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

বিষয়: একুশে পদক-২০২৫ প্রদান অনুষ্ঠানে পদকের জন্য মনোনীত সুধীবৃন্দের উপস্থিতি নিশ্চিতকরণ উপকমিটি'র সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব সাবিনা আলম
মহাপরিচালক
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

সভার তারিখ : ২৯ জানুয়ারি ২০২৫
সময় : সকাল ১০:০০ ঘটিকায়
স্থান : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'-এ প্রদর্শিত হলো।

সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে শুভেচ্ছা জানান। তিনি উল্লেখ করেন একুশে পদক প্রদান অনুষ্ঠান আয়োজন করা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একটি গুরুত্বপূর্ণ ও সংবেদনশীল দায়িত্ব। সুষ্ঠুভাবে একটি পরিপাটি অনুষ্ঠান আয়োজনে সকলের সহযোগিতা প্রয়োজন।

তিনি সভায় জানান, আগামী ২০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ বৃহস্পতিবার ২০২৫ সালের একুশে পদক-এ ভূষিত সুধীবৃন্দকে পদক প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। অনুষ্ঠানটি ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত হবে। উক্ত অনুষ্ঠানে পদকপ্রাপ্ত সুধীবৃন্দের আগমন নিশ্চিত করার জন্য ১২ জানুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠান শাখা থেকে উপকমিটি গঠন করা হয়েছে। কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে এ মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর/সংস্থার সহযোগিতা প্রয়োজন হবে।

অত:পর একুশে পদকের জন্য মনোনীত সুধীবৃন্দের উপস্থিতি নিশ্চিতকরণে বিস্তারিত আলোচনার মাধ্যমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | সুধীবৃন্দের আগমন ও যাতায়াতের জন্য গাড়ির প্রাপ্যতা | সভায় জানানো হয় যে, ২০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ সকাল ১১.০০টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে একুশে পদক প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হবে। অনুষ্ঠানের সময় এখনও চূড়ান্ত হয়নি। নির্ধারিত সময়ের ৪৫ মিনিট পূর্বেই পদক গ্রহণকারী সুধীবৃন্দের ভ্যেনুতে উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন মর্মে সভায় ঐক্যমত পোষণ করা হয়। | ১.১ আগামী ২০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ বৃহস্পতিবার ওসমানী স্মৃতি মিলনায়তনে একুশে পদক প্রদান অনুষ্ঠানের নির্ধারিত সময়ের কমপক্ষে ৪৫ মিনিট পূর্বেই পদক গ্রহণকারী সুধীবৃন্দের উপস্থিতি নিশ্চিত করতে হবে; | দায়িত্বপ্রাপ্ত হোস্ট অফিসার |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সভায় আরও জানানো হয় যে, আগামী ২০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে সুধীবৃন্দের অনুষ্ঠান স্থলে আনা নেওয়ার কাজে এবং ১৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে সুধীবৃন্দের আবাসিক ঠিকানা এবং হোস্ট অফিসারদের আবাসিক ঠিকানায় যাতায়াতের জন্য ২১টি গাড়ীর প্রয়োজন হবে এবং অতিরিক্ত ০৫টি গাড়ী রিজার্ভ রাখতে হবে।<br><br>সুধীবৃন্দকে আনয়নের ২১ টি গাড়ীর বিপরীতে (২১+অতিরিক্ত ৫)= ২৬ জন ড্রাইভার প্রস্তুত রাখা প্রয়োজন হবে। ১৯ ফেব্রুয়ারি দুপুর ১২:০০ টার মধ্যে অনুষ্ঠানের মূল ভ্যেনুতে ড্রাইভারসহ ২১টি গাড়ি হোস্ট অফিসারদের ব্যবহারের জন্য সরবরাহ করা প্রয়োজন। হোস্ট অফিসারবৃন্দ উক্ত গাড়ীতে পদক গ্রহণকারী সুধীবৃন্দের আবাসিক ঠিকানায় পৌঁছে তাদের সাথে সৌজন্য সাক্ষাৎ ও অনুষ্ঠানের বিষয়ে বিস্তারিত অবহিত করবেন। | ১.২ আগামী ১৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে ২১টি গাড়ী হোস্ট অফিসারদের ব্যবহারের জন্য সরবরাহ করতে হবে। হোস্ট অফিসারবৃন্দ উক্ত গাড়ীতে পদক গ্রহণকারী সুধীবৃন্দের ঢাকায় অবস্থানস্থলে পৌঁছে তাঁদের সাথে সৌজন্য সাক্ষাৎ করবেন এবং অনুষ্ঠান বিষয়ে সুধীবৃন্দকে অবহিত করবেন;<br><br>১.৩ একই নম্বরের নির্ধারিত গাড়ীতে অনুষ্ঠানের দিন ২০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ হোস্ট অফিসারগণ নিজ নিজ আবাসস্থল থেকে যাত্রা শুরু করে সুধীবৃন্দকে তাদের আবাসস্থল থেকে মূল ভ্যেনুতে নিয়ে আসবেন। | |
| ২. | সুধীবৃন্দের ঢাকায় অবস্থানের ঠিকানা সংগ্রহ | একুশে পদকপ্রাপ্ত সুধীবৃন্দ বা মরণোত্তর পদকপ্রাপ্তদের পক্ষে পদক গ্রহণকারীদের ঢাকায় অবস্থানের পূর্ণাঙ্গ ঠিকানা অনুষ্ঠান শাখা থেকে সংগ্রহ করা যেতে পারে মর্মে সভায় মতামত দেয়া হয়। ১০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে অনুষ্ঠান শাখাকে পদকপ্রাপ্ত সুধীগণ/ প্রতিনিধিগণের ঢাকায় অবস্থানের ঠিকানা ও মোবাইল নম্বর সরবরাহের অনুরোধ করা যেতে পারে। | পদক গ্রহণকারী সুধীবৃন্দের ঢাকায় অবস্থানের পূর্ণাঙ্গ ঠিকানা ও মোবাইল নম্বর সরবরাহ করার জন্য অনুষ্ঠান শাখাকে অনুরোধ করতে হবে। | অনুষ্ঠান শাখা |
| ৩. | হোস্ট অফিসার এবং সমন্বয়কারী কর্মকর্তা নির্ধারণ | ঢাকায় অবস্থিত সকল দপ্তর/সংস্থা থেকে হোস্ট অফিসারদের নামের তালিকা সংগ্রহ করা যেতে পারে। মোট ৩০ জন কর্মকর্তার নাম সরবরাহের জন্য দপ্তরসমূহকে অনুরোধ করার বিষয়ে সভায় সুপারিশ করা হয়।<br><br>এক্ষেত্রে প্রত্নতত্ত্ব অধিদপ্তর থেকে ০৬ (ছয়) জন, গণগ্রন্থাগার অধিদপ্তর থেকে ০৪ (চার) জন, বাংলাদেশ | ৩.১ সকল দপ্তর/সংস্থাকে থেকে হোস্ট অফিসারদের নামের তালিকা ০৪.০২.২০২৫ তারিখের মধ্যেই সরবরাহ করার জন্য অনুরোধ করতে হবে;<br><br>৩.২ তালিকায় কর্মকর্তার নাম, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর ও পূর্ণ আবাসিক ঠিকানা থাকতে হবে; | শাখা-৭<br>ও<br>অনুষ্ঠান শাখা |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | শিল্পকলা একাডেমি থেকে ০৬ (ছয়) জন, বাংলা একাডেমি থেকে ০৬ (ছয়) জন, বাংলাদেশ জাতীয় জাদুঘর থেকে ০৪ (চার) জন, আর্কাইভ ও গ্রন্থাগার অধিদপ্তর থেকে ০২ (দুই) জন, বাংলাদেশ কপিরাইট অফিস থেকে ০২ (দুই) জন কর্মকর্তার নামের তালিকা প্রেরণের জন্য পত্র দেওয়া যেতে পারে।<br><br>মন্ত্রণালয়ের কর্মকর্তাদের মধ্য থেকে ০৬ (ছয়) জনকে সমন্বয়কারী কর্মকর্তা হিসেবে নির্বাচন করার সুপারিশ করা হয়। | ৩.৩ মোট ৩০ জন কর্মকর্তার তালিকা প্রয়োজন। প্রত্নতত্ত্ব অধিদপ্তর থেকে ০৬ (ছয়) জন, গণগ্রন্থাগার অধিদপ্তর থেকে ০৪ (চার) জন, বাংলাদেশ শিল্পকলা একাডেমি থেকে ০৬ (ছয়) জন, বাংলা একাডেমি থেকে ০৬ (ছয়) জন, বাংলাদেশ জাতীয় জাদুঘর থেকে ০৪ (চার) জন, আর্কাইভ ও গ্রন্থাগার অধিদপ্তর থেকে ০২ (দুই) জন, বাংলাদেশ কপিরাইট অফিস থেকে ০২ (দুই) জন কর্মকর্তার নামের তালিকা প্রেরণের অনুরোধ করতে হবে;<br><br>৩.৪ উপসচিব (সমন্বয় ও সংস্কার), উপসচিব (লাইব্রেরি), উপসচিব (শাখা-৬), উপসচিব (উন্নয়ন ও পরিকল্পনা শাখা-২), উপসচিব (অপরিমেয় ঐতিহ্য) এবং জনাব শিউলী হরি, সিনিয়র সহকারী সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করবেন। উপকমিটির সদস্য, হোস্ট অফিসার এবং সংশ্লিষ্ট স্টাফদের সম্মানী প্রদানের জন্য অনুষ্ঠান শাখাকে অনুরোধ করা হবে। | |
| ৪. | উপযোগী দ্রব্য সরবরাহ | অনুষ্ঠানের দিন সুধীবৃন্দকে বহনকারী গাড়ীতে ব্যবহারের জন্য হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক, জুস, সুগার ফ্রি বিস্কুট এবং পানি সরবরাহের জন্য প্রশাসন শাখাকে অনুরোধ করা যেতে পারে এবং ১৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ বিকেলে সংশ্লিষ্ট হোস্ট অফিসারের নিকট সেগুলো হস্তান্তরের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা যেতে পারে। | ১৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ হোস্ট অফিসারদের নিকট সুধীবৃন্দকে বহনকারী গাড়ীতে ব্যবহারের জন্য স্যানিটাইজার, মাস্ক, জুস, সুগার ফ্রি বিস্কুট এবং পানি সরবরাহের জন্য প্রশাসন শাখাকে অনুরোধ করতে হবে। | প্রশাসন শাখা |
| ৫. | হোস্ট অফিসার ও সমন্বয়কারী কর্মকর্তাবৃন্দের ব্রিফিং | সকল দপ্তর/সংস্থা থেকে মনোনীত হোস্ট অফিসারদেরকে নিয়ে আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ অথবা সুবিধাজনক তারিখ ও সময়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে একটি প্রস্তুতিমূলক সভা আয়োজন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়। | মন্ত্রণালয়ের মনোনীত সমন্বয়কারীগণসহ দপ্তর/ সংস্থা থেকে মনোনীত হোস্ট অফিসারদেরকে নিয়ে আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ অথবা সুবিধাজনক তারিখ ও সময়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে প্রস্তুতিমূলক/ পরামর্শ সভা আয়োজন করা হবে। সভায় | শাখা-৭ |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | |

০২। গাড়ী সেবা সংক্রান্ত যে কোন প্রয়োজনে হোস্ট অফিসারগণ জনাব মুহাম্মদ মোয়াজ্জেম হোসেন, সহকারী সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (মোবাইল নম্বর: ০১৯১৮-১০৯৫১৬) এবং জনাব মো: সুমন রহমান, প্রশাসনিক কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (মোবাইল নম্বর: ০১৭৬২-৫১৩১৬৪) এর সাথে যোগাযোগ করবেন।

০৩। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে এবং আগামী ২০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ বৃহস্পতিবার ওসমানী স্মৃতি মিলনায়তনে একুশে পদক প্রদান উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত অনুষ্ঠান সাফল্যমন্ডিত করার স্বার্থে উল্লিখিত বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৩/০২/২৫

(সাবিনা আলম)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
ও
আহ্বায়ক
একুশে পদক প্রাপ্ত সুধীবৃন্দের অনুষ্ঠানে
উপস্থিতি নিশ্চিতকরণ উপকমিটি।

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১১৬.২৩.০০০১.২৫.৫০

তারিখ : ২১ মাঘ ১৪৩১ / ০৪ ফেব্রুয়ারি ২০২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
২. যুগ্মসচিব (সাংস্কৃতিক ঐতিহ্য-১), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (সাংস্কৃতিক ঐতিহ্য-২), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপসচিব (সমন্বয় ও সংস্কার), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপসচিব (সংসদ ও আইন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপসচিব (উন্নয়ন ও পরিকল্পনা শাখা-২), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপসচিব (শাখা-৬), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপসচিব (লাইব্রেরি), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপসচিব (অনুষ্ঠান শাখা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সিনিয়র সহকারী সচিব (বাজেট ও অডিট), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিনিয়র সহকারী সচিব (পরিমেয় ঐতিহ্য), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সহকারী সচিব (প্রশাসন-০১ ও সেবা শাখা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অকাতির জন্য)।
২. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অকাতির জন্য)।

৩. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অফিস কপি।

০৪/০২/২০২৫

(আয়েশা সিদ্দিকা)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০২৯০
ই-মেইল: sas7@moca.gov.bd